গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
মহেশখালী, কক্সবাজার।

## উপজেলা পরিষদের (সেপ্টেম্বর/২০২১) মাসিক সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোহাম্মদ শরীফ বাদশা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশখালী, কক্সবাজার। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, মহেশখালী। |
| সভার তারিখ | ঃ ০৮/০৯/২০২১ খ্রিঃ। |
| সভার উপস্থিতি | ঃ পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত। |

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালীকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। তৎপ্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী সভার কর্মসূচী অনুযায়ী বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| **আলোচনা-০১ (স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর)** ঃ উপজেলা প্রকৌশলী, মহেশখালী বলেন, বার্ষিক উন্নয়ন কর্মসূচীর আওতায় ১ম কিস্তিতে ২৮.৬১ লক্ষ টাকা পাওয়া বরাদ্দ পাওয়া গেছে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে প্রকল্প দাখিল করার জন্য অনুরোধ জানান। | প্রকল্পের কাজ যথাসময়ে সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলী, মহেশখালীকে ধন্যবাদ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, মহেশখালী। |
| **আলোচনা-০২ (ত্রাণ শাখা)** ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মহেশখালী বলেন, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | দপ্তরের কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মহেশখালীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মহেশখালী। |
| **আলোচনা-০৩** ঃ চেয়ারম্যান, ধলঘাটা ইউনিয়ন পরিষদ, মহেশখালী জানান,তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, ধলঘাটা ইউপিকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, ধলঘাটা ইউপি। |
| **আলোচনা-০৪** ঃ চেয়ারম্যান, ছোট মহেশখালী ইউনিয়ন পরিষদ, মহেশখালী জানান, তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, ছোট মহেশখালী ইউপিকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, ছোট মহেশখালী ইউপি। |
| **আলোচনা-০৫** ঃ চেয়ারম্যান, মাতারবাড়ী ইউনিয়ন পরিষদ, মহেশখালী'র প্রতিনিধি জানান, তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, মাতারবাড়ী ইউপিকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, মাতারবাড়ী ইউপি। |
| **আলোচনা-০৬** ঃ চেয়ারম্যান, হোয়ানক ইউনিয়ন পরিষদ, মহেশখালী জানান,তাঁর ইউপি'র কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | ইউপি'র কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদন করার জন্য চেয়ারম্যান, হোয়ানক ইউপিকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, হোয়ানক ইউপি। |
| **আলোচনা-০৭** ঃ চেয়ারম্যান, কালারমারছড়া ইউনিয়ন পরিষদ, মহেশখালী জানান, তাঁর ইউনিয়নের প্রায় ৩০০০০ (ত্রিশ হাজার) জনসংখ্যা রয়েছে। তাই উক্ত ইউনিয়নকে ০৩ (তিন) টি ভাগে বিভক্ত করার জন্য উপজেলা নির্বাহী অফিসারসহ উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | কালারমারছড়া ইউনিয়নকে ০৩ (তিন) টি ভাগে বিভক্ত করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী।<br>০২। চেয়ারম্যান, কালারমারছড়া ইউপি। |
| **আলোচনা-০৮** ঃ মোঃ মাহফুজুর রহমান, উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী সভায় জানান যে, অত্র উপজেলা পরিষদের ব্যবস্থাপনাধীন ১৪২৮ বাংলা সনের হাটবাজারসমূহের ইজারালব্দ আয়ের ১৫% ও ১০% হারের অর্থের অনুকূলে সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ হতে হাটবাজার ভিত্তিক উন্নয়ন প্রকল্পের তালিকা পাওয়া গিয়েছে। এ বিষয়ে সভাপতি সভায় বলেন যে, হাটবাজার ইজারালব্দ অর্থের আওতায় ইউপি চেয়ারম্যানগণ কর্তৃক দাখিলকৃত | ১৪২৮ বাংলা সনের হাটবাজারসমূহের ইজারালব্দ আয়ের ১৫% ও ১০% হারের অর্থের অনুকূলে হাটবাজার ভিত্তিক উন্নয়ন প্রকল্পসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের স্বার্থে উপজেলা প্রকৌশলী, মহেশখালী এর কার্যালয় হতে প্রাক্কলন প্রস্তুতপূর্বক বাস্তবায়ন জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী।<br>০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশখালী। |

| | | |
|---|---|---|
| হাটবাজার ভিত্তিক উন্নয়ন প্রকল্পসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের স্বার্থে উপজেলা প্রকৌশলী, মহেশখালী এর কার্যালয় হতে প্রাক্কলন প্রস্তুতপূর্বক বাস্তবায়নের জন্য অভিমত জ্ঞাপন করেন।<br>তিনি বলেন, মেয়র, মহেশখালী পৌরসভা কর্তৃক মেয়র, মহেশখালী পৌরসভা, কক্সবাজার কর্তৃক ২০১৬-১৭ হতে ২০১৮-১৯ অর্থ বছর পর্যন্ত বকেয়া পৌরকর বাবদ মং-১৩,০৭,৮৮৩/- (তের লক্ষ সাত হাজার আটশত তিরাশি) টাকার হোল্ডিং নং-০৪-০১/০১-১৭ এর বিপরীতে দাখিল করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>তিনি আরো বলেন, মহেশখালী উপজেলা ব্রান্ডিং বুক এর প্রকাশনা ব্যয় বাবদ উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধ করার জন্য সভায় অভিমত ব্যক্ত করেন। | ২০১৬-১৭ হতে ২০১৮-১৯ অর্থ বছর পর্যন্ত বকেয়া পৌরকর বাবদ মং-১৩,০৭,৮৮৩/- (তের লক্ষ সাত হাজার আটশত তিরাশি) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা ব্রান্ডিং বুক এর প্রকাশনা ব্যয় বাবদ (১,০০,০০০/- এক লক্ষ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| **আলোচনা-০৮ ঃ** জনাব মোঃ শরীফ বাদশা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশখালী বলেন, ''উপজেলার সার্বিক উন্নয়ন কার্যক্রমের সমন্বয় সাধনের উদ্দেশ্যে উপজেলা পরিষদের মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনার জন্য সব দপ্তর প্রধানের উপস্থিতি আবশ্যক। কিন্তু লক্ষ্যে করা যাচ্ছে যে, অনেক দপ্তর প্রধান পূর্বানুমতি ব্যতিরেকে সভায় অনুপস্থিত থাকেন। ফলে সংশ্লিষ্ট দপ্তরে সম্পর্কিত অনেক গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা করা সম্ভব হয় না। এজন্য তিনি সকল দপ্তর প্রধানগণকে নিয়মিত সভায় উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানান। | উপজেলা পরিষদের মাসিক সভায় নিয়মিত উপস্থিত হওয়ার জন্য এবং অনুপস্থিত সদস্যদের বিষয়ে সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালীকে অনুরোধ করা হয়। | ০১। উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী।<br>০২। সংশ্লিষ্ট সকল। |

অত:পর সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮.০৯.২১

(মোহাম্মদ শরীফ বাদশা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
মহেশখালী, কক্সবাজার।

স্মারক নং-০৫.২০.২২৪৯.০০০.০৭.০১.২০১৮- ৪০৮(৫) তারিখঃ ০৮/০৯/২০২১ খ্রিঃ।

অনুলিপিঃ-সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য:

০১। মাননীয় সংসদ সদস্য, কক্সবাজার-০২ (মহেশখালী-কুতুবদিয়া)।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্ল উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৫। জেলা প্রশাসক, কক্সবাজার।
০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ/পাউবো, কক্সবাজার।
০৬। উপজেলা.................................................... কর্মকর্তা, মহেশখালী, কক্সবাজার।
০৭। জনাব...........................................................................................
০৮। অফিস নথি।

০৮/০৯/২১

(মোঃ মাহফুজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
মহেশখালী, কক্সবাজার।

০৮/০২/২০২৩ খ্রি: তারিখে অনুষ্ঠিত [illegible]
[illegible] সভায় উপস্থিতি স্বাক্ষর:

| ক্রমিক | নাম ও পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | [illegible] চেয়ারম্যান | 01828700940 | |
| ২। | মিজানুর রহমান [illegible] | 01818025417 | |
| ৩ | মোঃ আব্দুল হাই OC | 01320-108627 | |
| ৪ | মোঃ [illegible] মাহমুদ চৌধুরী, ম.ও.০ মহেশখালী | ০১৮৯৯-৭৫৯০৭৫ | |
| ৫ | মনজুর মোর্শেদ [illegible] | 01812447460 | |
| ৬ | আবু [illegible] মোহাম্মদ [illegible] | 01840027770 | |
| ৭. | [illegible] UFPO | 01816-574950 | |
| ৮. | মো: সাদেকুল ইসলাম খান | 01744-985353 | |
| ৮ | [illegible] বন সংরক্ষক (রেঞ্জ কর্মকর্তা), মহেশখালী [illegible] উপ-সহকারী [illegible] (অতিরিক্ত) | 01821156334 | |
| ৯ | মোঃ ইয়াছির আরাফাত ডিডিএম (ভারপ্রাপ্ত), মহেশখালী [illegible] অফিস, কক্সবাজার পরিষদ. | 01769-400127 | |
| ১০. | মোঃ [illegible] করিম, [illegible] | 01815725965 | |
| ১১. | সুব্রত [illegible] হক, পরিসংখ্যান কর্মকর্তা | 01721423587 | |
| ১২ | মো: ডা: রহমান [illegible], SUFO | 01722649552 | |
| ১৩. | [illegible] ইসলাম, উপ: কৃষি [illegible] | 01843677?5 | |
| ১৪ | [illegible] U.E, lged | 01708-161275 | |
| ১৫ | মো: [illegible]ুল ইসলাম, [illegible] | 01900924886 | |
| ১৬. | এম. [illegible] রহমান, [illegible] | 01819687417 | |
| ১৭ | মো: মোহাম্মদ [illegible] হক, UAFPO | 01712127206 | |
| ১৮ | [illegible] (ভারপ্রাপ্ত) | 01717-015512 | |
| ১৯ | [illegible] | 01814111327 | |